

৮. সত্য / মিথ্যা লিখ :

(ক) যারা নতুন যুগের শিশু তারাই নবীন যাত্রী ।

(খ) 'লাল সোনালি গোলাপি রূপালি রূপের নেই তো শেষ' চরণটি কি সঠিক ?

(গ) নবীন যাত্রী তোমাদের শোনাই গান ।

সত্য

মিথ্যা

মিথ্যা

৯. সঠিক উত্তরটির পাশে (✓) টিক চিহ্ন দাও :

(ক) কবি কোন যাত্রীকে ছড়া শোনাতে চেয়েছেন ?

(১) নবীন যাত্রীকে । ✓

(২) প্রবীণ যাত্রীকে ।

(৩) তীর্থ যাত্রীকে ।

(৪) ভ্রমণ যাত্রীকে ।

(খ) ছড়াটিতে কবি কতবার মারা যাবার কথা বলেছেন ?

(১) একবার ।

(২) দু - একবার ।

(৩) বার বার ।

(৪) যতবার মরা যায় । ✓

(গ) শত - সহস্র প্রাণের বিনিময়ে আমরা কি পেয়েছি ?

(১) সম্পদ ।

(২) স্বাধীনতা । ✓

(৩) সংগ্রাম ।

(৪) ত্যাগ ।

১০. পঞ্চগুলোর উত্তর লিখ :

(ক) " মুক্তির ছড়া " কবিতায় কোন দেশের মুক্তির কথা বলা হয়েছে ?

উঃ " মুক্তির ছড়া " কবিতায় বাংলাদেশের মুক্তির কথা বলা হয়েছে ।

(খ) নবীন যাত্রী কারা ?

উঃ স্বাধীন বাংলাদেশের আজকের শিশু কিশোরই নবীন পথের যাত্রী ।

